দৈনিক বাংলা সংবাদপত্রে বিজ্ঞাপন প্রকাশ করতে যোগাযোগ নং-৯০৬২৮৬৭৯২১

হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ

EI YUG

ইন্টারনেট সংস্করণ- eiyug.in RNI: WBBEN/2020/81746

কবিতা / গল্প
নিজস্ব লেখা কবিতা/ গল্প প্রকাশিত করতে যোগাযোগ নং - ৯০৬২৮৬৭৯২১

PAGE | পৃষ্ঠা- 4 [ PRICE | মূল্য - 2 ]

HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 13 AUGUST 2025 , WEDNESDAY | ১৩ আগস্ট ২০২৫ , বুধবার ● VOLUME | বর্ষ-5 ● ISSUE | সংখ্যা-362

## বাংলাদেশী নাগরিককে আধার কার্ড বানিয়ে দেবার অভিযোগে গ্রেপ্তার ব্যাংক কর্মী



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, শিলিগুড়ি, ১২ আগস্ট :বাংলাদেশী নাগরিককে ভারতীয় আধার কার্ড বানিয়ে দেবার অভিযোগে খড়িবাড়ি থানার পুলিশ সোমবার গ্রেপ্তার কিরে এক ব্যাংক কর্মীকে। জানা গেছে ধৃতের নাম সোমেশ বর্মন। পুলিশ তাকে হলদিবাড়ি থেকে গ্রেপ্তার করে। পুলিশ সূত্রে খবর দিন কয়েক আগে ভারত নেপাল সীমান্তের খড়িবাড়ি থানার পানিট্যাঙ্কিতে মোহন্ত বর্মন নামে এক বাংলাদেশী নাগরিককে গ্রেপ্তার করে সীমান্তে মোতায়েন সশস্ত্র সীমা বলের জওয়ানরা। তারা ধৃত বাংলাদেশীকে খড়িবাড়ি থানার পুলিশের হাতে তুলে দেয়। পুলিশ মোহন্ত বর্মনের কাছে ভারতীয়আধার কার্ড পায়। তাকে জিজ্ঞাসাবাদ করে পুলিশ জানতে পারে সোমেশ বর্মন এই আধার কার্ড বানিয়ে দিয়েছিলো। উল্লেখ্য ব্যাঙ্কে কাজ করার পাশাপাশি সোমেশ আধার কার্ড বানানোর কাজ ও করে। সোমেশের নাম জানতে পেরে পুলিশ তাকে গ্রেপ্তার করে। মঙ্গলবার সোমেশকে শিলিগুড়ি আদালতে পাঠানো হয়েছে।

## উদ্ধার আটটি আগ্নেয়াস্ত্র সহ চৌদ্দ রাউন্ড গুলি,গ্রেপ্তার এক



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, মুর্শিদাবাদ, ১২ আগস্ট : মুর্শিদাবাদ জেলা পুলিশের বেলডাঙ্গা থানার পুলিশ মঙ্গলবার গোপন সুত্রে পাওয়া খবরের ভিত্তিতে থানা এলাকায় অভিযান চালিয়ে এক ব্যক্তিকে আটক করে তল্লাশী চালায়। তল্লাশীতে আটক ব্যক্তির হেফাজত থেকে উদ্ধার হয় ছয়টি ওয়ান শাটার পাইপগান, দুটি মাস্কেট ও চৌদ্দ রাউন্ড গুলি। আটক ব্যক্তিকে গ্রেপ্তার করে তার বিরুদ্ধে নির্দিষ্ট আইনী ধারায় মামলা রুজু করা হয়েছে ও আদালতে পাঠানো হয়েছে। পুলিশ এই ঘটনার সাথে আরও কেঊ জড়িত আছে কিনা সেসব বিষয়ে তদন্ত শুরু করেছে।

## বিজেপি ছেড়ে তৃণমূলে যোগ তিনশ জনের



নিজস্ব সংবাদদাতা, এই যুগ,জলপাইগুড়ি, ১২ আগস্ট: জলপাইগুড়ি জেলার রাজগঞ্জ ব্লকের শিকারপুর গ্রাম পঞ্চায়েতের ভান্ডাপুর চা বাগানের গনেশ লাইনে আয়োজিত তৃণমূলের যোগদান সভায় তিনশ জন বিজেপি কর্মী সমর্থক যোগ দিলেন তৃণমূলে। এদিনের যোগদান কর্মসূচিতে উপস্থিত ছিলেন রাজগঞ্জের বিধায়ক খগেশ্বর রায়। তিনি দলে যোগদানকারীদের হাতে তৃণমূলের পতাকা তুলে দেন। বিজেপি ছেড়ে আসার কারন হিসাবে তারা জানান বিজেপি যে প্রতিশ্রুতি দিয়ে ক্ষমতায় এসেছিলো তা পূরন করতে ব্যর্থ হয়েছে। তারা রাজ্যের মা মাটি মানুষের সরকারের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় এর উন্নয়ন কর্মযজ্ঞে সামিল হতে তৃণমূলে যোগ দিলেন।এদিনের সভায় উপস্থিত ছিলেন তৃণমুলের শ্রমিক সংগঠন এর সাধারন সম্পাদক মোশাররফ হোসেন, দলের রাজগঞ্জ ব্লক সভাপতি অরিন্দম ব্যানার্জি, রাজগঞ্জ পঞ্চায়েত সমিতির সভাপতি রূপালি দে সরকার,শিকারপুর গ্রাম পঞ্চায়েত প্রধান, শিকারপুর অঞ্চল সভাপতি সহ অন্যান্য নেতৃত্ব।

## মহাকালগুড়িতে তৃণমূলের পক্ষ থেকে ধিক্কার মিছিল ও পথসভা




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১২ আগস্ট : উত্তর মহাকালগুড়ি এলাকায় তৃণমূলের পক্ষ থেকে ধিক্কার মিছিল করা হলো মঙ্গলবার বিকেল ছটা নাগাদ। আলিপুরদুয়ার দু'নম্বর ব্লকের মহাকালগুড়ি গ্রাম পঞ্চায়েতের তৃণমূলের অঞ্চল সভাপতি সাধন পাল কে মারধর করেছেন এলাকার দুই বাসিন্দা। সোমবার বেলা এগারোটা নাগাদ মারধরের বিষয় নিয়ে অভিযোগ দায়ের হয় পুলিশের কাছে। সোমবার রাতেই একজনকে গ্রেফতার করে পুলিশ অপরজন পলাতক। মঙ্গলবার বিকেলে এলাকায় একটি ধিক্কার মিছিল করা হয় এরপর হিন্দু চৌপথি এলাকায় একটি পথসভা করা হয় তৃণমূলের পক্ষ থেকে। আলিপুরদুয়ার জেলা নেতা থেকে শুরু করে বিভিন্ন নেতৃত্বরা পথসভায় বিজেপির বিরুদ্ধে ভাষণ দেন। বিজেপির গুন্ডা বাহিনী শাসক দলের অঞ্চল সভাপতি কে মারধর করেছেন এমনটাই অভিযোগ।

# আলিপুরদুয়ারে বাস্তুহারা পরিষদের প্রতিবাদ মিছিল





মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১২ আগস্ট : সম্মিলিত কেন্দ্রীয় বাস্তুহারা পরিষদের ৭৫ বছর পূর্তির সমাপ্তি অনুষ্ঠান উপলক্ষে এদিন আলিপুরদুয়ার শহরে প্রতিবাদ মিছিলের আয়োজন করা হয়। জানা যায়, আলিপুরদুয়ার শহরের চৌপথী থেকে বেলতলা মোড় পর্যন্ত এই মিছিল অনুষ্ঠিত হয়। মিছিলে অংশ গ্রহণ কারীরা স্লোগান তোলেন– "বাংলা ভাষাভাষী হলেই বাংলাদেশি নয়", "এনআরসি-সিএএ মানি না", এবং "আমরা কোন কাগজপত্র দেখাবো না"এই কর্মসূচির আয়োজন করে সম্মিলিত কেন্দ্রীয় বাস্তুহারা পরিষদের আলিপুরদুয়ার জেলা কমিটি।

# তৃণমূল নেতাকে মারধর, গ্রেফতার একজন



মলয় দেবনাথ ,এই যুগ, আলিপুরদুয়ার ,১২ আগস্ট :তৃণমূল নেতা সাধন পাল কে মারধরের অভিযোগে উত্তর মহাকালগুড়ি এলাকার বাসিন্দা পাপন দেবনাথ কে আলিপুরদুয়ার জেলা আদালতে তোলা হলে বিচারক তাকে জেল হেফাজতের নির্দেশ দেন। এমনটাই জানা গেছে পুলিশ সূত্রে মঙ্গলবার বিকেল পাঁচটা নাগাদ। গত সোমবার শামুকতলা থানার উত্তর মহাকালগুড়ি এলাকায় মহাকালগুড়ি গ্রাম পঞ্চায়েতের তৃণমূলের অঞ্চল সভাপতি সাধন পাল কে দুজনে মিলে মাটিতে ফেলে দিয়ে মারধর করে সেই ভিডিও ভাইরাল হয়ে গেছে সোশ্যাল মিডিয়ায়। এদিকে সাধন পাল কে মারধরের পরেই তার পক্ষ থেকে মিহির দেবনাথ এবং পাপন দেবনাথের বিরুদ্ধে অভিযোগ দায়ের হয় পুলিশের কাছে। সোমবার রাতেই নিউ আলিপুরদুয়ার থেকে গ্রেপ্তার করে পাপন দেবনাথকে। মঙ্গলবার তাকে আলিপুরদুয়ার জেলা আদালতে পাঠানো হয়। জেলা আদালতে তোলা হলে বিচারক তাকে জেল হেফাজতের নির্দেশ দেন তবে মূল অভিযুক্ত কে এখনো ধরা সম্ভব হয়নি।

# কোহিনুর চা বাগানে তালা, বন্ধ চা পাতা তোলার কাজ



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১২ আগস্ট : অচলাবস্থা চলছে ডুয়ার্সের আলিপুরদুয়ার জেলার কোহিনুর চা বাগানে। মঙ্গলবার সকালে শ্রমিকরা বাগানে ম্যানেজার অফিসের সামনে বিক্ষোভ দেখায়। শ্রমিকরা বাগানে অফিসে গেটে তালা ঝুলিয়ে দিয়েছে । বর্তমানে কাজ বন্ধ কোহিনুর চা বাগানে। দীর্ঘদিন যাবৎ ধরে চলছে অচলাবস্থা কোহিনুর চা বাগানে। শ্রমিকরা জানান তাদের প্রাপ্য সুযোগ সুবিধা মিলছে না, এমনকি অবসরের পর অবসরপ্রাপ্ত শ্রমিকদের প্রাপ্য টুকুও মিলছে না। দীর্ঘদিন যাবৎ আন্দোলন চালিয়ে যাচ্ছে শ্রমিকরা। শ্রমিকদের বক্তব্য বাগানে নতুন মালিক আসুক বর্তমানে যে আছে তারা শুধু চা পাতা তুলে বিক্রি করছে শ্রমিকদের ঠিকমত বেতন দিচ্ছে না এমনকি কোনো সুযোগ দিচ্ছেনা। তারা চাচ্ছে বর্তমান মালিক যে আছে সে চলে যাক বাগান ছেড়ে। কোহিনুর চা বাগানের শ্রমিকের সংখ্যা ৮৮৮ জন। এদিন কোহিনুর চা বাগানের শ্রমিকদের পক্ষে বেশ কয়েকজন আলিপুরদুয়ার জেলা শাসকের কাছে বাগান নিয়ে অভিযোগ দায়ের করেন। ডুয়ার্সের চা বাগান গুলোতে যখন মালিকপক্ষ বাগান ছেড়ে পালিয়ে যান কিংবা রাতের অন্ধকারে বাগান ছাড়েন ঠিক সেই সময়ে শ্রমিকরা ন্যায্য পাওনা না পেয়ে বাগানের অফিসে তালা ঝুলিয়ে দিলেন। তবে শেষ পর্যন্ত বাগানের তালা কবে খোলা হবে তা জানেনা শ্রমিক মহল।

# শামুকতলার যুবকের মৃত্যু, শোকের ছায়া এলাকায়



মলয় দেবনাথ,এইযুগ ,আলিপুরদুয়ার, ১২ আগস্ট : আলিপুরদুয়ার জেলা হাসপাতালের মর্গে প্রশান্ত দেবনাথের মৃতদের ময়নাতদন্তের পর তার পরিবারের হাতে তুলে দেওয়া হয়েছে । এমনটাই জানা গেছে শামুকতলা থানার পুলিশ সূত্রে মঙ্গলবার বিকেল পাঁচটা নাগাদ। সোমবার রাত নটা নাগাদ শামুকতলা থানার মহাকালগুড়ি এলাকায় বাইক দুর্ঘটনায় মৃত্যু হয় বিধান নগর এলাকার বাসিন্দা প্রশান্ত দেবনাথের। তার মৃত্যুতে শোকের ছায়া নেমে এসেছে এলাকায়।

# জাতীয় সড়কে অজ্ঞাত পরিচয় ব্যক্তির মৃত্যু দুর্ঘটনায়




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১২ আগস্ট : অজ্ঞাত পরিচয় এক ব্যক্তির মৃতদেহ উদ্ধার করে আলিপুরদুয়ার জেলা হাসপাতালের মর্গে ময়নাতদন্ত করে মর্গে রাখা হয়েছে জানিয়েছেন শামুকতলা থানার পুলিশ মঙ্গলবার বিকেল পাঁচটা নাগাদ। ৩১ নম্বর জাতীয় সড়কের তেতুলতলা এলাকায় পণ্য বাহী গাড়ি সোমবার রাত আড়াইটা নাগাদ এক ব্যক্তিকে পিষে দিয়ে চলে যায়। এরপরেই খবর পায় শামুকতলা থানার পুলিশ। রাতেই মৃতদেহ উদ্ধার করে পুলিশ হেফাজতে রাখা হয়। মঙ্গলবার আলিপুরদুয়ার জেলা হাসপাতালের মর্গে ময়না তদন্ত করে মৃতদেহ মর্গে রাখা হয়েছে। তার পরিচয় জানা যায়নি । তার পকেট থেকে পাওয়া গেছে ৫০ টাকা। শামুকতলা থানার পুলিশ একটি অস্বাভাবিক মৃত্যুর মামলা শুরু করেছে।



# শামুকতলা প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র ভাঙচুর



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১২ আগস্ট : শামুকতলা প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে ভাঙচুরের ঘটনায় এক মানসিক ভারসাম্যহীন মহিলাকে আটক করেছে পুলিশ এমনটাই জানা গেছে পুলিশের কাছ থেকে মঙ্গলবার বিকেল তিনটে নাগাদ। বেশ কয়দিন যাবত এক মানসিক ভারসাম্যহীন মহিলা শামুকতলা এলাকায় ঘুরে বেড়াচ্ছে। এদিন শামুকতলা প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে সকাল থেকেই তাকে দেখা যায়। দুপুরের দিকে হঠাৎই ওই মহিলা ইট নিয়ে আউটডোরের দিকে গিয়ে জানালার কাঁচ ভেঙ্গে গুড়িয়ে দেয়। তৎক্ষণাৎ হাসপাতাল কর্তৃপক্ষ বিষয়টি জানায় শামুকতলা থানার পুলিশকে। পুলিশ গিয়ে মহিলাকে উদ্ধার করে শামুকতলা থানায় নিয়ে আসে। মহিলার পরিবারের সঙ্গে যোগাযোগের চেষ্টা করছেন পুলিশ।

# জলপাইগুড়ির ধর্মীয় স্থান ঘুরে দেখতে চালু হলো সম্প্রীতি বাস পরিষেবা




নিজস্ব সংবাদদাতা, এই যুগ, জলপাইগুড়ি, ১২ আগস্ট : জলপাইগুড়ি জেলা প্রশাসন ও উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন নিগমের যৌথ উদ্যোগে মঙ্গলবার জলপাইগুড়িতে উদ্বোধন হলো সম্প্রীতি বাস পরিষেবা। এই পরিষেবার উদ্বোধন করেন জলপাইগুড়ির জেলাশাসক শামা পারভীন। উপস্থিত ছিলেন জনপ্রতিনিধিগন সহ জেলা প্রশাসনের আধিকারিকগন। জেলাশাসক জানান জলপাইগুড়ি ও তার আশেপাশে রয়েছে মন্দির, মসজিদ,গীর্জা, মাজার, জলপাইগুড়ি রাজবাড়ি, জয়ী সেতু। প্রাচীন মন্দির, মসজিদ,গীর্জা, মাজার ও অন্যান্য ধর্মীয় স্থানগুলির ঐতিহাসিক গুরুত্বকে পর্যটকদের কাছে তুলে ধরে এগুলিকে যথাযথ সংরক্ষনের লক্ষ্যে এই উদ্যোগ। তিনি আরও জানান প্রতি রবিবার সকাল নটায় যাত্রা শুরু করে সন্ধ্যা ছয়টায় বাসটি যাত্রা শেষ করবে। মাথাপিছু খরচ ধরা হয়েছে নশো টাকা, এর মধ্যে সকালের জলখাবার, মধ্যাহ্ন ভোজন ও বিকালের টিফিন ধরা আছে। অন লাইন ও অফ লাইনে এই বাসের বুকিং করা যাবে। জেলাশাসক আরও জানান এই কর্মসূচি সফল হলে জেলার অন্যান্য স্থানেও এই পরিষেবা চালুর উদ্যোগ গ্রহন করা হবে।

# হেরোইন সহ গ্রেপ্তার তিন



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, মুর্শিদাবাদ,১২ আগস্ট :মুর্শিদাবাদ জেলা পুলিশের লালগোলা থানার পুলিশ কর্মীদের অভিযানে উদ্ধার দুশো সাতষট্টি গ্রাম হেরোইন, গ্রেপ্তার তিন মাদক কারবারি। জানা গেছে পুলিশ গোপন সুত্রে খবর পায় থানা এলাকায় কোনো একটি বাড়িতে মাদক দ্রব্য মজুত রেখে মাদক ব্যবসা চলছে। খবর পেয়ে পুলিশ মঙ্গলবার ঐ বাড়িতে অভিযান চালিয়ে তিন জনকে আটক করে তল্লাশী চালায়। তল্লাশীতে আটক ব্যক্তিদের হেফাজত থেকে উদ্ধার হয় দুশো সাতষট্টি গ্রাম হেরোইন। গ্রেপ্তার করা হয় আটক তিন ব্যক্তিকে। মাদক হেরোইন উদ্ধার ও তিন জনের গ্রেপ্তার পর্বটি এন ডি পি এস আইনের নির্দেশিকা মেনে সম্পন্ন করা হয়েছে। ধৃতদের বিরুদ্ধে এন ডি পি এস আইনের নির্দিষ্ট ধারায় মামলা দায়ের করা হয় ও তাদের আদালতে পাঠানো হয়। পুলিশ ধৃতদের নাম ঠিকানা গোপন রেখে তদন্ত শুরু করেছে।

# পণ্য বোঝাই ট্রাক উল্টে গেল জাতীয় সড়কের পাশে



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১২ আগস্ট : কলকাতা থেকে গৌহাটি যাবার পথে পণ্য বোঝাই ট্রাক উল্টে গেল ৩১ নম্বর জাতীয় সড়কের দুর্গাবাড়ি চৌপথী সংলগ্ন এলাকায় এমনটাই জানা গেছে পুলিশের কাছ থেকে মঙ্গলবার বিকেল তিনটা নাগাদ। পুলিশ সূত্রে জানা গেছে নিয়ন্ত্রণ হারিয়ে ১০ চাকার পণ্য বোঝাই ট্রাক টি জাতীয় সড়কের পাশে পড়ে যায়। এদিন দুপুর নাগাদ এই দুর্ঘটনার খবর পাওয়ার পরেই ঘটনাস্থলে পৌঁছায় শামুকতলা রোড ফাঁড়ির পুলিশ। তবে কোন হতাহতের খবর নেই। দুর্ঘটনা গ্রস্ত এলাকায় রয়েছে পুলিশ।

# রাজ্যে বেআইনি সার্টিফিকেট বিলি নিয়ে আলিপুরদুয়ারে বিক্ষোভ




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১২ আগস্ট : রাজ্যে বেআইনি ভাবে তফশিলি উপজাতি সম্প্রদায়ের সার্টিফিকেট বিলি হচ্ছে—এই অভিযোগকে কেন্দ্র করে মঙ্গলবার আলিপুরদুয়ারে পথে নামল জেলার একটি আদিবাসী সংগঠন। অভিযোগ, ৩৫,৭০০ জনের একটি তালিকা রয়েছে, যাদের কাছে বেআইনি উপায়ে ST সার্টিফিকেট পৌঁছে গেছে।এদিন সংগঠনের শতাধিক সদস্য বিক্ষোভ মিছিল করে আলিপুরদুয়ার শহরের বিভিন্ন রাস্তা পরিক্রমা করেন। রাজ্য সরকারের বিরুদ্ধে স্লোগান দিতে দিতে মিছিল পৌঁছায় মহকুমা শাসকের কার্যালয়ে। সেখানে তারা মহকুমা শাসকের হাতে একটি স্মারকলিপি তুলে দেন এবং অবিলম্বে এই বেআইনি সার্টিফিকেট বিতরণের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি জানান।সংগঠনের পক্ষ থেকে জানানো হয়েছে, এই ধরনের বেআইনি সার্টিফিকেট বিতরণে প্রকৃত আদিবাসী সম্প্রদায়ের মানুষ বঞ্চিত হচ্ছেন সরকারি সুযোগ-সুবিধা থেকে। তারা সতর্ক করে দিয়েছেন, দাবি পূরণ না হলে বৃহত্তর আন্দোলনের পথে হাঁটবেন।

# ফালাকাটা থানার পুলিশের অভিযান, গ্রেফতার এক



মলয় দেবনাথ ,এই যুগ, আলিপুরদুয়ার ,১২ আগস্ট : প্রচুর পরিমাণে নেশা ট্যাবলেট সহ এক ব্যাক্তিকে গ্রেফতার করল ফালাকাটা থানার পুলিশ। গত কয়েকদিন ধরেই অভিযান চলছে ফালাকাটা থানা পুলিশের। গোপন সুত্রে পাওয়া খবরের ভিত্তিতে পুলিশ ফালাকাটা ভুতনিরঘাট এলাকায় অভিযান চালায়। অভিযান চালিয়ে হামিদুল মহম্মদ নামক এক ব্যাক্তিকে গ্রেফতার করে তার কাছ থেকে ১৯২০০ নেশার ট্যাবলেট উদ্ধার হয়।ফালাকাটা থানার আই সি অভিষেক ভট্টাচার্য জানান অভিযুক্তকে আজ আলিপুরদুয়ার কোর্টে তোলা হয়েছে। পুরো ঘটনা পুলিশ তদন্ত করছে। সম্ভবত এই নেশার ট্যাবলেট গুলো কোচবিহার থেকে ফালাকাটায় আনা হয়েছিল বিক্রি করার উদ্দেশ্যে।

EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, PIN-711403,STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE",BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, STATE-WEST BENGAL,PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | RNI : WBBEN/2020/81746 |